নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ৩৪২২ তারিখ ঃ- ২১/৭/২৬
গ্রহণকারী ঃ-
: সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | মিঃ প্রঃ

৬.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.২৫.২০- ৭১

তারিখঃ ১৪-০৬-১৪৩৩ বঙ্গাব্দ
২৮-০৬-২০২৬খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত সকল ক্যাটাগরির ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানের লাইসেন্সের ২০২৬-২০২৭ সনের বার্ষিক নবায়ন ফি জমা প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের সকল ক্যাটাগরি যথা-ঠিকাদারি প্রতিষ্ঠান (সম্মিলিত), ঠিকাদারি প্রতিষ্ঠান (সিভিল)/(ই/এম), ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানের লাইসেন্সের ২০২৬-২০২৭ সনের বার্ষিক নবায়ন ফি জমা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হলো।

২। সকল ক্যাটাগরির ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানের লাইসেন্সের ২০২৬-২০২৭ সনের বার্ষিক নবায়ন ফি অথবা বকেয়া নবায়ন ফি (৬ বৎসরের অধিক বকেয়া আবেদন গ্রহণযোগ্য নয়) জমা প্রদানের নিমিত্ত লাইসেন্স নবায়নের নির্ধারিত আবেদন ফর্ম যথাযথভাবে পূরণপূর্বক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে আগামী ০১/০৭/২০২৬ তারিখ হতে ৩০/০৭/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে। দাখিলকৃত আবেদন ফর্মের সাথে গণপূর্ত অধিদপ্তরের লাইসেন্স বহি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২০২৫-২০২৬ সনের আয়কর পরিশোধের সনদপত্র, বৈদ্যুতিক এবিসি ও সুপারভাইজারী লাইসেন্স এবং ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি জমা দেয়ার অনুমতি প্রদানের আদেশসমূহের ফটোকপি গণপূর্ত অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ দাখিল করতে হবে।

৩। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে ঠিকাদারি প্রতিষ্ঠান (সম্মিলিত) এর লাইসেন্স নবায়নের আবেদনসমূহ যাচাই-বাছাই পূর্বক সুপারিশসহ আগামী ১৬/০৮/২০২৬ তারিখের মধ্যে তালিকাভুক্তি অনুমোদনকারী তথা প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করতে হবে। ঠিকাদারি প্রতিষ্ঠান (সিভিল)/(ই/এম) এর ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে তালিকাভুক্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক তালিকাভুক্তি অনুমোদনকারী তথা সংশ্লিষ্ট সিভিল/ই/এম সার্কেলে প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত (সম্মিলিত)/(সিভিল)/(ই/এম) ক্যাটাগরির প্রাপ্ত আবেদন বিধি মোতাবেক জরিমানাসহ অনুমতি আদেশ প্রদান করা হবে। প্রাপ্ত আবেদনসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক আগামী ১৫/০৯/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃক নবায়নের অনুমতির আদেশ প্রদান করতে হবে।

৪। 'ঠিকাদারি প্রতিষ্ঠান (সিভিল)/(ই/এম) ক্যাটাগরি'তে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই গণপূর্ত সার্কেলের আওতাধীন একাধিক গণপূর্ত বিভাগে তালিকাভুক্তি অনুমোদন থাকলে প্রতিটি গণপূর্ত বিভাগে পৃথকভাবে নবায়ন আবেদনপত্র দাখিল করতে হবে। 'সম্মিলিত' ক্যাটাগরির ঠিকাদারি প্রতিষ্ঠানগণ ০১টি 'সিভিল' সার্কেল এবং ০১টি 'ই/এম' সার্কেলের আওতাধীন বিভাগ সমূহে তালিকাভুক্তি অনুমোদন থাকলে প্রতিটি গণপূর্ত (সিভিল/ই/এম) বিভাগে পৃথকভাবে নবায়ন আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তালিকাভুক্তির অনুমোদন না থাকলে নবায়ন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। সকল ক্যাটাগরির ঠিকাদারি লাইসেন্স নবায়নের অনুমতির আদেশ প্রাপ্তির পরে ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠান অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৫/২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫.১২৪ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী 'এ-চালান' (A-Challan) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে ৩০/০৯/২০২৬ তারিখের মধ্যে ০১ বছরের ক্ষেত্রে নির্ধারিত লাইসেন্স নবায়ন ফি বাবদ ২,০০০/-টাকা ও ১৫% মূল্য সংযোজন করসহ মোট ২,৩০০/- টাকা জমা প্রদান করবেন। এতে ব্যর্থ হলে ৩১/১২/২০২৬ তারিখের মধ্যে ৫০% জরিমানাসহ নবায়ন ফি জমা দিতে হবে। এতেও ব্যর্থ হলে ৭৫% জরিমানাসহ নবায়ন ফি আগামী ৩০/০৬/২০২৭ তারিখের মধ্যে জমা দিতে পারবেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তর কর্তৃক নবায়ন অনুমতির আদেশ এবং এ-চালান' (A-Challan) অনলাইনে যাচাইপূর্বক রেজিষ্ট্রেশন বইয়ে লিপিবদ্ধ করতে হবে।

৬। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তর কর্তৃক 'ঠিকাদারি প্রতিষ্ঠান (সম্মিলিত)' ও 'ঠিকাদারি প্রতিষ্ঠান (সিভিল)' এবং 'ঠিকাদারি প্রতিষ্ঠান (ই/এম)' ঠিকাদার/ঠিকাদারি প্রতিষ্ঠানের পৃথক-পৃথক অনুমোদিত তালিকা আগামী ৩০/০৯/২০২৬ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে।

প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমতিক্রমে অত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

সংযুক্তিঃ লাইসেন্স নবায়নের নির্ধারিত আবেদন ফরম।

(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৩৮০৯৯৯
ই-মেইল: se_est@pwd.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম জোন)/পিএন্ডডি জোন)/মেট্রোপলিটন গণপূর্ত জোন/ঢাকা জোন/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ/খুলনা/বরিশাল/গোপালগঞ্জ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)/(সমন্বয়)/(প্রকিউরমেন্ট ইউনিট)/ঢাকা গণপূর্ত সার্কেল-১,২,৩,৪/রক্ষণাবেক্ষণ/সাভার/গণপূর্ত ই/এম সার্কেল-১,২,৩,৪ /এমআইএস, সার্কেল/ময়মনসিংহ/টাঙ্গাইল/চট্টগ্রাম-১,২/রাঙ্গামাটি/কুমিল্লা/সিলেট/রাজশাহী/পাবনা/দিনাজপুর/রংপুর/বগুড়া/খুলনা/যশোর/বরিশাল/গোপালগঞ্জ/ই/এম সার্কেল, চট্টগ্রাম।

৩। নির্বাহী প্রকৌশলী,(ওএন্ডএম)/গণপূর্ত বিভাগ-১/২/৩/৪/নগর/আরবরিকালচার/মেডিকেল কলেজ/ইডেনভবন/শেরেবাংলা নগর-১/২/৩/মহাখালী/মতিঝিল/আজিমপুর/সম্পদ/রক্ষণাবেক্ষণ,ঢাকা/রক্ষণাবেক্ষণ,চট্টগ্রাম/নারায়নগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ/সাভার/মিরপুর/মানিকগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/টাঙ্গাইল/শেরপুর/জামালপুর/নেত্রকোণা/চট্টগ্রাম-১/২/৩/৪/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দারবান/কক্সবাজার/ই/এম১/২, চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষীপুর/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/বরিশাল/ভোলা/মাদারীপুর/ঝালকাঠি/বরগুনা/গোপালগঞ্জ/পটুয়াখালী/পিরোজপুর/খুলনা-১/২/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/কুষ্টিয়া/মাগুরা/ঝিনাইদহ/ফরিদপুর/নড়াইল/চুয়াডাঙ্গা/রাজবাড়ী/মেহেরপুর/রাজশাহী-১/২/পাবনা/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/রংপুর/দিনাজপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/নীলফামারী/লালমনিরহাট/ঠাকুরগাঁও/পঞ্চগড়/বগুড়া/সিরাজগঞ্জ/জয়পুরহাট/পিএন্ডডি,ময়মনসিংহ/পিএন্ডডি,খুলনা/পিএন্ডডি, রাজশাহী/পিএন্ডডি, গোপালগঞ্জ/গণপূর্ত ই/এম বিভাগ-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/ই/এম কারখানা/কাঠের কারখানা, ঢাকা। (বিজ্ঞপ্তিটি প্রচারের লক্ষ্যে তার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করবেন এবং ঠিকাদারি প্রতিষ্ঠান কর্তৃক নবায়নের আবেদন দাখিল করলে তা যাচাই-বাছাই পূর্বক সংশ্লিষ্ট তালিকাভুক্তি অনুমোদনকারী কর্মকর্তার দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ঠিকাদার সমিতি, গণপূর্ত ভবন (এনেক্স), সেগুনবাগিচা, ঢাকা।

৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণপূর্ত ইলেকট্রিক ঠিকাদার সমিতি, ১৯ শহীদ আবরার ফাহাদ এভিনিউ, ঢাকা।

৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ঠিকাদার সমিতি, ২৯/এ, জিগাতলা, ঢাকা।

৮। গার্ড নথি/বোর্ড সভার নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন নং-৯৫৬০৬৫২, ফ্যাক্স নং-৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

## ঠিকাদারি প্রতিষ্ঠানের বার্ষিক নবায়ন ফি জমা দেয়ার অনুমতির আবেদন ফরমঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | (ক) | ঠিকাদারি প্রতিষ্ঠানের পূর্ণ নাম | : | |
| | (খ) | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের নাম | : | |
| | (গ) | প্রতিষ্ঠানের ঠিকানা | : | |
| | (ঘ) | মোবাইল/ফোন নম্বর | : | ফোনঃ |
| | (ঙ) | প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা | : | |
| ২। | (ক) | ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রকার ও শ্রেণি | : | |
| | (খ) | তালিকাভুক্তির ক্রমিক নম্বর ও সন | : | |
| ৩। | (ক) | কোন বৎসরের নবায়ন ফি জমা দিতে ইচ্ছুক | : | |
| | (খ) | সর্বশেষ কোন বৎসরের নবায়ন ফি জমা দিয়েছেন এবং গণপূর্ত বিভাগের নাম | : | |
| ৪। | (ক) | ঠিকাদারি প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর পরিশোধিত সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। | : | |
| | (খ) | গণপূর্ত রেজিষ্ট্রেশন বইয়ের সম্পূর্ণ সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। | : | |
| | (গ) | বৈদ্যুতিক ও যান্ত্রিক ঠিকাদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বৈদ্যুতিক এবিসি ও সুপারভাইজারী সনদ, বিসি ও বিসি ও সি লাইসেন্সের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। | : | |

আমি/আমরা এই মর্মে ঘোষনা করছি যে, উপরে বর্ণিত সকল তথ্যাদি সঠিক ও সত্য। তবে মিথ্যা প্রমাণিত হওয়ার কারণে তালিকাভুক্তি নবায়ন আদেশ বাতিল হলে আমি/আমরা দায়ি থাকব।

আবেদনকারী ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালক/
ব্যবস্থাপনা অংশীদারের স্বাক্ষর ও সীল।

ঠিকাদারি প্রতিষ্ঠানের সম্পর্কে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর মন্তব্য ও সুপারিশ। :

**বি:দ্র: আবেদন ছকের প্রতিটি কলাম সঠিকভাবে পুরণ করতে হবে এবং তালিকাভুক্তির ক্রমিক নম্বর ও সন অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।**